# ইসরায়েলের বিমান হামলায় হামাসের সিনিয়র কমান্ডার নিহত

চেম্বার ডেস্ক :: গাজা উপত্যকা লক্ষ্য করে ইসরায়েলের বিমান হামলায় হামাসের এক সিনিয়র কমান্ডার নিহত হয়েছেন। এর আগে আল আকসায় মুসলিমদের সঙ্গে ইসরায়েলি বাহিনীর তাণ্ডবের ঘটনায় রকেট হামলা চালায় হামাস।

তার প্রতিক্রিয়াস্বরূপ সোমবার (১০ মে) স্থানীয় সময় রাত ৮টার দিকে বিমান হামলা চালায় ইসরায়েল।

ইসরায়েলি সেনার মুখপাত্র জনাথন কংরিকাস বলেন, আমরা গাজার সেনাদের লক্ষ্য করে হামলা চালিয়েছি। আমরা তাদের সেনা পরিচালকদের টার্গেট করেছি।

হামাস বাহিনী সংবাদ সংস্থা এএফপিকে জানিয়েছে, তাদের একজন কমান্ডার ইসরায়েলি বিমান হামলায় নিহত হয়েছে।

এখন পর্যন্ত এ ঘটনায় আরো নয়জন ফিলিস্তিনি নিহত হয়েছে বলে জানিয়েছে গাজার স্বাস্থ্যমন্ত্রী। নিহতদের মধ্যে তিনজন শিশু ছিল।

গাজা উপত্যকা নিয়ন্ত্রণকারী গোষ্ঠী হামাস ইসয়েলকে আল আকসায় ও জেরুজালেমের অন্য একটি পয়েন্টে ইসরায়েলের সৈন্যদের সরে দাঁড়ানোর আল্টিমেটাম দিয়েছিল। তারা সরে না যাওয়ায় হামাস রকেট হামলা চালায় এবং এর প্রতিক্রিয়াস্বরূপ ইসরায়েল বাহিনীর বিমান হামলায় এ হতাহতের ঘটনা ঘটে।